Jaishtha 02, 1426 Bangla, May 16, 2019 Thursday, No. 136 49th year

H I G H L I G H T S

PM & AL President Sheikh Hasina directs BCL president & secretary to remove controversial members from newly declared full-fledged committee. (R. Today: 14)

AL GS & Transport Minister returned home after receiving treatment at Singapore hospital - expresses his thanks to PM Sheikh Hasina & countrymen who prayed for his recovery.(R. Today:13)

Food Minister says, a vested quarter is burning paddy to encourage farmers to sabotage aiming to embarrass the govt. (R. Tehran: 10)

Ministry of Foreign Affairs unveiled identities of 39 Bangladeshis who went missing after boat capsizes in Mediterranean Sea while attempting to reach Europe from Libya. (VOA:9)

IGP says, militants are attacking law & order forces around world through 'lone wolf' system. (VOA: 8)

A Dhaka court has sent lawyer Imtiaz Mahmood to jail in a case filed under ICT Act. (VOA: 9)

Bangladesh won by 6 wickets against Ireland in ongoing tri nation series at Clontarf Cricket Club ground in Dublin. (R. Today: 14)

US President has declared a national emergency to protect US computer networks from foreign adversaries. (BBC:

জ্যৈষ্ঠ ০২, ১৪২৬ বাংলা, মে ১৬, ২০১৯ বৃহস্পতিবার, নং-১৩৬, ৪৯ বছর

শিরোনাম

আওয়ামী লীগের ভ্রাতৃপ্রতীম সংগঠন বাংলাদেশ ছাত্রলীগের সদ্য ঘোষিত কেন্দ্রীয় পূর্ণাঙ্গ কমিটি থেকে বিতর্কিতদের বাদ দেয়ার নির্দেশ দিয়েছেন ছাত্রলীগের সাংগঠনিক নেতা প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (রে.টুডেঃ ১৪)

সিঙ্গাপুরে চিকিৎসা শেষে দেশে ফিরেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী - সুস্থ হয়ে দেশে ফিরতে পারায় গভীর কৃতজ্ঞতা জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও জনগণের প্রতি। (রে.টুডেঃ ১৩)

খাদ্যমন্ত্রী বলেছেন, সরকারকে বিপর্যস্ত ও বিব্রত করতে একটি অশুভ চক্র কৃষকদের উস্কানি দিয়ে সাবোটেজ করতে সম্প্রতি ধানে আগুন দিচ্ছে। (রেডিও তেহরানঃ ১০)

পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, গত ৯ই মে তিউনিসিয়ার নৌকাডুবিতে প্রায় চল্লিশজন বাংলাদেশির প্রাণহানি ঘটেছে। (ভোয়াঃ ৯)

পুলিশের মহাপরিদর্শক বলেন, গোটা বিশ্বে এখন জঙ্গিরা দলবদ্ধ হয়ে হামলা করছে না। তারা এখন ভিন্ন পদ্ধতিতে হামলা চালাচ্ছে - জানান, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী জঙ্গিদের সকল কর্মকাণ্ড নজরদারি ও নিয়ন্ত্রণে রেখেছে। (ভোয়াঃ ৮)

বাংলাদেশে তথ্য প্রযুক্তি আইনে দায়ের করা এক মামলায় আইনজীবী, লেখক ইমতিয়াজ মাহমুদকে কারাগারে পাঠানো হয়েছে। (ভোয়াঃ ৯)

ডাবলিংয়ে ত্রিদেশীয় সিরিজের নিয়ম রক্ষার ম্যাচে স্বাগতিক আয়ারল্যান্ডের বিপক্ষে দাপটে এক জয় পেয়েছে বাংলাদেশ। (রে.টুডেঃ ১৪)

বিবিসি

বাংলাদেশে দু'জন লেখক গ্রেফতার হওয়ার বিষয়ে রাকিব হাসনাতের সাক্ষাৎকার

বাংলাদেশে একজন লেখক ও আইনজীবী ইমতিয়াজ মাহমুদকে গ্রেফতার করে তাকে আদালতে হাজির করা হলে ঢাকার একটি কোর্ট তাকে জেলখানায় পাঠিয়ে দিয়েছে। দু'বছর আগে পার্বত্য জেলা খাগড়াছড়ির একটি থানায় তথ্য প্রযুক্তি আইনে দায়ের করা মামলায় পুলিশ আজ সকালে তাকে গ্রেফতার করে। এর আগে গতকাল বরিশাল থেকে আরও একজন লেখক হেনরী স্বপনকে আটক করা হয়। ঢাকায় আমাদের সংবাদদাতা রাকিব হাসনাত বলছিলেন মি. মাহমুদের গ্রেফতারের ব্যাপারে তিনি কী জানতে পেরেছেন।

মি. রাকিবঃ ২০১৭ সালে পার্বত্য চট্টগ্রামের খাগড়াছড়িতে একটি পাহাড়ি গোষ্ঠীর উপর হামলার ঘটনা ঘটেছিল। তখন লেখক ইমতিয়াজ মাহমুদ ফেসবুকে এ নিয়ে পোস্ট দেন যাতে তিনি খাগড়াছড়ির পার্বত্য জেলার রামগড় উপজেলার দু'টি এলাকায় স্যাটেলাররা হামলা চালাচ্ছে বলে উল্লেখ করেছিলেন। এরপর তার বিরুদ্ধে উস্কানি দেয়ার অভিযোগ তুলে তথ্য প্রযুক্তি আইনে খাগড়াছড়ি সদর থানায় মামলা করেছিলেন সেখানকার এক ব্যাক্তি। পরে পুলিশি প্রতিবেদন না দেয়া পর্যন্ত উচ্চতর আদালত থেকে তিনি জামিন নিয়েছিলেন। এখন তার আইনজীবী বলছে জামিনে থাকা অবস্থাতেই সম্প্রতি একটি ওয়ারেন্ট ইস্যু করা হয় তার বিরুদ্ধে। সে ওয়ারেন্টের ভিত্তিতেই মি. মাহমুদকে আজ বনানী থানা পুলিশ ডেকে নিয়ে আটক করে আদালতে পাঠিয়েছে। কিন্তু জামিনে থাকা অবস্থায় ওয়ারেন্ট কেন সেটির পরিষ্কার তথ্য পাওয়া যায়নি।

বিবিসিঃ পুলিশ এ ব্যাপারে কী বলছে?

মি. রাকিবঃ পুলিশ শুধু বলছে তারা ওয়ারেন্ট পেয়েছে এবং ওয়ারেন্ট অনুযায়ী তারা ব্যবস্থা নিয়েছে অর্থাৎ আদালতের নির্দেশ অনুযায়ী তারা তাকে আটক করে আদালতে প্রেরণ করেছে। কিন্তু মি. মাহমুদের আইনজীবী মাহবুব ইসলাম বলছেন আদালত বলছেন যে অজামিনযোগ্য মামলা হওয়ার কারণে জামিন দেয়া যায়নি এবং খাগড়াছড়িতে যেখানে মূল মামলাটি হয়েছিল সেখানে জামিনের আবেদন করতে বলেছে আদালত। অর্থাৎ মি. মাহমুদকে এখন জামিনের জন্য খাগড়াছড়ির আদালতে আবেদন করতে হবে। ইমতিয়াজ মাহমুদের ভাই পারভেজ মাহমুদের সাথেও আমার কথা হয়েছে। তিনি বলছেন যে নতুন করে ওয়ারেন্টটি কেন বা কোন কারণে হতে পারে সেটি নিয়ে তিনি তার ভাইয়ের সাথে কথা বলার চেষ্টা করেছেন কিন্তু সে সুযোগ তিনি আজ পাননি।

বিবিসিঃ বরিশাল থেকে আরও একজন লেখক হেনরী স্বপনকে গতকাল আটক করা হয়। তাকে কেন আটক করা হল?

মি. রাকিবঃ হেনরী স্বপন বাংলাদেশের দক্ষিণাঞ্চলীয় জেলা বরিশালের খুবই পরিচিত একজন কবি ও সাংবাদিক। মঙ্গলবার তাকে আটকের পর তার সহকর্মীরা সেখানে প্রতিবাদ বিক্ষোভ করেছেন এবং তারা বলছেন যে গত ২১ শে এপ্রিল শ্রীলঙ্কায় গীর্জা ও হোটেলে হামলার ঘটনায় প্রায় ২৫০ জন মানুষ নিহত হয়েছিল। পরদিন বরিশালে একটি গীর্জায় সাংস্কৃতিক অনুষ্ঠান চলছিল। এ নিয়ে ২৩ শে এপ্রিল ফেসবুকে একটি পোস্ট দিয়েছিলেন হেনরী স্বপন। এর জের ধরে ডিজিটাল সিকিউরিটি এ্যাক্টে তিনি সহ তিনজনের বিরুদ্ধে মামলা করেছেন এক পাদ্রী। এরপর হেনরী স্বপনকে গ্রেফতার করা হয় এবং পরে আদালত তাকে কারাগারে পাঠায়। অবশ্য এর আগেই হেনরী স্বপন নিজেই নিজের নিরাপত্তা চেয়ে থানায় আবেদন করেছিলেন।

বিবিসিঃ বাংলাদেশে পরপর দু'জন লেখক ইমতিয়াজ মাহমুদ ও হেনরী স্বপন তাদের পরপর দু'দিন গ্রেফতার করা হল। এর পেছনে কী কারণ থাকতে পারে?

মি. রাকিবঃ লক্ষ্য করবেন দু'টি ঘটনাতেই ফেসবুক পোস্টের কথা উঠে আসছে। ইমতিয়াজ মাহমুদের ঘটনায় যে মামলা হয়েছে সেখানে সুনির্দিষ্টভাবেই যে উস্কানির অভিযোগ সেটি তার ফেসবুক পোস্টকে কেন্দ্র করে এবং এখানেও হেনরী স্বপনকে সে আটক করা হল এবং কারাগারে পাঠানো হল এখানেও ফেসবুক পোস্টই আলোচনায় আসছে। তাদের মুক্তির জন্য যারা আন্দোলন করছেন, প্রতিবাদ বিক্ষোভ করছেন তারা এ ঘটনাকে মতপ্রকাশের স্বাধীনতা বিরোধী বা মত প্রকাশের স্বাধীনতার বাধা হিসেবেই উল্লেখ করছেন। আজ ঢাকায় মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। কাল এবং আজ বরিশালে মিছিল সমাবেশ হয়েছে সাংবাদিকদের। আগামীকাল ঢাকার শাহবাগে তাদের মুক্তির দাবিতে সমাবেশের ডাক দিয়েছে কয়েকটি সংগঠন এবং সবাই বলছেন এটিকে তারা মতপ্রকাশের ক্ষেত্রে বাধা হিসেবেই মনে করছেন।

(বিবিসিঃ ১৯৩০ঘ. ১৫/০৫/১৯ রিহাব/আশরাফ)

মাদক বিরোধী অভিযানের সাফল্য নিয়ে মিশ্র প্রতিক্রিয়া

বাংলাদেশে মাদক বিরোধী অভিযানের এক বছর পূর্ণ হয়েছে আজ। বিতর্কিত এই অভিযানে নিহত হয়েছে ৩৫০ জনেরও বেশি। এছাড়াও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তথ্য অনুযায়ী এই বছরে ৫ কোটির বেশি ইয়াবা বড়ি এবং ১০ মণ হিরোইন উদ্ধার করা হয়েছে। এক বছরে ধরে চালানো অভিযানে মাদক পরিস্থিতির কতটা উন্নতি হয়েছে। খোঁজ নিয়েছেন সাইয়েদা আক্তার:

বিবিসি: ঢাকার একটি নামী মাদক নিরাময় কেন্দ্রে চিকিৎসক হিসেবে আজ প্রায় এক দশক ধরে কাজ করছেন ডা. ফারুক হোসেন। তিনি বলছেন সাম্প্রতিক বছরগুলোতে ঢাকায় ইয়াবা সেবী রুগীর সংখ্যা অনেক বেড়েছে, (স্বকণ্ঠে): ক্রমান্বয়ে বেড়ে যাওয়াটা, ইয়াবা বাড়ছে এটা আমি নিশ্চিত। হেরোইন, প্যাথেডিন এটি কমছে। ইয়াবা, অ্যালকোহল এগুলো বলা যায় আগের মতই আছে।

বাংলাদেশে অবৈধ মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে ২০১৮ সালের ১৫ মে অভিযান শুরু করে সরকার। এই সময়ের মধ্যে আইন-শৃঙ্খলা বাহিনীর সঙ্গে কথিত বন্দুক যুদ্ধে নিহত হয়েছে ৩৫৮ জন মাদক ব্যবসায়ী। এর মধ্যে শুধু কক্সবাজার জেলাতে নিহত হয়েছে ৯৫ জন। কিন্তু বাংলাদেশে ইয়াবা আসার প্রধান রুট বলা হয়ে কক্সবাজার জেলাকে। সেখানে এখনও ইয়াবা আসা অব্যাহত রয়েছে বলে জানিয়েছেন স্থানীয় মানুষেরা। কক্সবাজারের স্থানীয় সাংবাদিক তোফায়েল আহমেদ বলছিলেন কোন কোন ক্ষেত্রে ইয়াবা আসা বেড়ে গেছে, (স্বকণ্ঠে): ক্ষেত্র বিশেষে বেড়ে গেছে এবং অভিযোগ আছে ইয়াবা কারবারীদের আত্মীয়-স্বজন বসে নেই তারা কয়েকগুন বাড়িয়ে দিয়েছে। সাম্প্রতিককালে রোহিঙ্গা শিবিরে নাফ নদী থেকে আসছে। সেখানে মিয়ানমারের নৌকাগুলো এসে দিয়ে যায়। হাজার হাজার মাছ ধরা নৌকা মাছ ধরে আপনি কতদূর রোধ করবেন। এটা রোধ করা অসম্ভব।

এদিকে, বাংলাদেশের সরকার গত এক বছরে মাদক ব্যবসা বন্ধে গুরুত্বপূর্ণ অগ্রগতি হয়েছে বলে দাবি করছে। এই সময়ে ৫ কোটি ১৪ লাখ ইয়াবা বড়ি এবং ১০ মণ হেরোইন উদ্ধার হয়েছে বলে পুলিশ জানিয়েছে। একই সঙ্গে গ্রেফতার হয়েছে কয়েক হাজার মাদক ব্যবসায়ী। এ বছরের ফেব্রুয়ারিতে কক্সবাজারে ১০২ জন ইয়াবা ব্যবসায়ী স্বরাষ্ট্রমন্ত্রী ও পুলিশের কাছে অস্ত্র ও মাদক জমা দিয়ে আত্মসমর্পন করেছে। এগুলোকে সাফল্য বলে দাবি করেছেন মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক মো: জামাল উদ্দিন আহমেদ, (স্বকণ্ঠে): মাদকের আগ্রাসনটা খুব জোরে-সোরে শুরু হয়ে গিয়েছিল। সে আগ্রাসনটা স্তিমিত হয়ে গেছে। গত বছর কী পরিমাণ এসেছে এবং কী পরিমাণ উদ্ধার হয়েছে, এ বছর আসছে এবং উদ্ধার হচ্ছে। তাহলে কমার ট্রেন্ডটা পরিমাপ করা যাবে। এটা শুধু তাই নয় এখন মাদক ব্যবসায়ীরা রুট পরিবর্তন করছে। আগে তারা যে পথ অনুসরণ করতো কক্সবাজার কেন্দ্রিক এখন তা ছড়িয়ে ছিটিয়ে পড়ছে। তারা তাদের মতো করে সচেষ্টা আছে। কিন্তু কোন ব্যবসায়ী যারা তারা কেউ এখন স্বস্তিতে নেই, পলাতক অবস্থায় আছে।

গত বছরের মে মাসে যখন মাদক বিরোধী অভিযান শুরু হয় এর প্রথম ১৫ দিনের মধ্যেই ১০০ এর বেশি মাদক ব্যবসায়ী নিহত হয়েছিল। এ প্রেক্ষাপটে শুরু থেকে এ অভিযান নিয়ে প্রশ্ন রয়েছে মানবাধিকার কর্মীদের মনে। মানবাধিকার কর্মী সুলতানা কামাল বলছেন মাদক নিয়ন্ত্রণে বিচার বহির্ভূত হত্যাকাণ্ডের ঘটনা যত ঘটছে অপরাধীদের আইনী প্রক্রিয়ার মাধ্যমে বিচার শুরুর কথা ততটা শোনা যায়নি, (স্বকণ্ঠে): আমি কোন কৌশল, নীতি গ্রহণ করবো সেটা কিন্তু যারা আইন প্রণয়ন করেন তাদের সিদ্ধান্তের উপর নির্ভর করবে। আমি অত্যন্ত হতাশা ও দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে নীতি নির্ধারণী পর্যায়ে একটা বিশ্বাস জন্মেছে কোন না কোন কারণে যে এ ধরণের সন্ত্রাস দমনের ক্ষেত্রে রাষ্ট্র খুব ছোটখাট পথে এগুতে চেষ্টা করছে। কারণ এটার কোন সাংবিধানিক বৈধতা নেই। এটার কোনরকম নৈতিকভাবেও দৃঢ় অবস্থানে নেয়ার মতো জায়গা আছে বলে আমরা মনে হয় না যেখান থেকে এ কাজটা করা হচ্ছে। এখন দেখা যাচ্ছে সেরকমভাবে কোনরকম ফলপ্রসূ পদক্ষেপ তার নিতে পারেননি। বাংলাদেশে গত এক বছরে মাদক আইনে এক লাখের বেশি মামলা দায়ের করা হয়েছে বলে পুলিশ জানিয়েছে। কিন্তু এর মধ্যে খুব অল্প সংখ্যক মামলারই বিচারিক কার্যক্রম শুরু হয়েছে।

(বিবিসি: ১৯:৩০ ঘ: ১৫/০৫/১৯ সাইফুর/রিহাব/কোহিনূর)

দুধে ক্ষতিকারক উপাদান নিয়ে সানজানা চৌধুরীর প্রতিবেদন

সম্প্রতি বাংলাদেশের ৪টি জেলার বিভিন্ন খামারে দুধের মান পরীক্ষা করে দেখেছে ফুড সেফটি ল্যাবরেটরি। ৯৬টি নমুনা পরীক্ষায় ৯৩টিতে ক্ষতিকর উপাদান পাওয়া যায়। ফলে কর্তৃপক্ষ এখন দুধের উৎপাদন থেকে বিতরণ পর্যন্ত কিছু ব্যবস্থা গ্রহণের কথা জানিয়েছে। কী সেই পদক্ষেপ আর এতে কতটা কাজ হবে? ঢাকা থেকে সানজানা চৌধুরী:

সানজানা চৌধুরী: সম্প্রতি এক গবেষণায় কাঁচা তরল দুধের ৯৬টি নমুনা পরীক্ষা করে ৯৩টিতে ক্ষতিকর উপাদান পাওয়ার কথা জানায় জনস্বাস্থ্য ইন্সটিটিউটের ন্যাশনাল ফুড সেফটি ল্যাবরেটরি। এ ঘটনায় বাজার থেকে তরল দুধ কেনা নিয়ে উদ্বেগের মধ্যে আছেন সাধারণ মানুষ। জাহানারা বেগম জানান, এ বিষয়ে ব্যবসায়ী থেকে শুরু করে কর্তৃপক্ষ যদি সুনজর না দেয় তাহলে পরিস্থিতি ক্রমেই খারাপের দিকে যাবে। ন্যাশনাল ফুড সেফটির গবেষণায় গরুর দুধে সহনীয় মাত্রার চেয়ে বেশি এন্টিবায়োটিক, কীটনাশক, অনুজীব ও সীসা রয়েছে বলে জানা যায়। এমন পরিস্থিতিতে দুধের উৎপাদন থেকে শুরু করে বিতরণ পর্যন্ত এর মান ঠিক রাখতে তিন ধাপের কর্মপরিকল্পনার কথা জানায় নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। যার মধ্যে রয়েছে কাঁচা তরল ও পাস্তুরিত দুধের নমুনা, সেই সঙ্গে পশু খাদ্যের নমুনা সংগ্রহ পরীক্ষা, প্রাথমিক উৎপাদন ব্যবস্থা পর্যবেক্ষণ এবং কমিটির মাধ্যমে সুপারিশ প্রণয়ন। তবে এসব কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে সংশ্লিষ্ট পক্ষগুলোকে যার যার দায়িত্ব সঠিকভাবে পালন করতে হবে বলে জানান আইনজীবী আমিন উদ্দীন মানিক, (স্বকণ্ঠে): যদি সবাইকে সচেতন করা হয় জনগণকে। তারাও এটা যদি কোন ভেজাল পায় প্রতিরোধ করবে। আমাদের নিরাপদ খাদ্য যে কমিটি আছে তারা যদি সব সময় বাজার মনিটর করে এবং যেখানে দুর্নীতি করছে সেটা যদি ওরা তদারকি করে তাহলে হয়তো আমরা নিয়ন্ত্রণের মধ্যে স্ট্যান্ডার্ড বৃদ্ধি করার চেষ্টা করবো।

নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের এই কর্ম পরিকল্পনাকে বেশ ইতিবাচক দৃষ্টিতেই দেখছেন বিশেষজ্ঞরা। পুষ্টিবিদ চৌধুরী তাসনিম মনে করেন যদি সরকারি প্রতিষ্ঠানগুলো নমুনা পরীক্ষা শুরু করে তাহলে সেটা অসাধু ব্যবসায়ীদের বড় ধরণের চাপের মুখে ফেলবে। তবে যে কোন পরীক্ষায় স্বচ্ছতা থাকাটা জরুরি বলে মনে করেন মিস চৌধুরী, (স্বকণ্ঠে): এটা সতর্কতা হবে যারা ব্যবসা করছেন। দুধগুলো যদি বাজার থেকে তুলে নেয়া হয় তাহলে তার বারবার এই লজ্জার সম্মুখীন হতে চাইবেন না। তবে বাজার থেকে যে নমুনা সংগ্রহ করছে দুধটাকে নিয়েই কনজ্যুমারস এভাবে ইনটেক করছে না। এটাকে সে জাল দিচ্ছে। আমাদের পাশাপাশি এটাও দেখতে হবে যেই মাত্রার বেশি এন্টিবায়োটিক তারা ব্যবহার করছে যদি এটা বেশিরভাগই পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যায় তাহলে সমস্যা থাকছে না।

এদিকে, আজ এই গবেষণার প্রক্রিয়া ও ব্যাপ্তি নিয়ে প্রশ্ন তুলেছেন হাইকোর্ট। এ জন্য গবেষণা প্রতিষ্ঠানটির প্রধান ড. শাহনীলা ফেরদৌসীকে পূর্ণাঙ্গ প্রতিবেদন নিয়ে ২১শে মে হাইকোর্টে হাজির হতে বলা হয়েছে। এ ব্যাপারে শাহনিলা ফেরদৌসী জানান, তারা যে পদ্ধতিতে দুধের নমুনা পরীক্ষা করেছেন সেটা আন্তর্জাতিকভাবে স্বীকৃত, (স্বকণ্ঠে): দুধ নিয়ে আমাদের যেটা ছিল আইসিডিডিআরবিতে ২০১৮ সালে ইন্টারন্যাশনাল যেটা পাবলিস্ট করেছে। সেখানে একই ধরণের ঘটনা ছিল। বিএসটিআই অনেক কিছু আছে ব্যান্ড করেছে। এর মধ্যে অনেক জিনিস ছিল যা আমরা অনেক আগেই বলেছিলাম এটা মানসম্মত নয়। তখন কিন্তু এটা কেউ আমলে নেন নি।

জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার আর্থিক সহায়তায় ন্যাশনাল ফুড সেফটি ল্যাবরেটরি সম্প্রতি এ গবেষণা পরিচালনা করেছিল যে প্রকাশ হওয়ার পর থেকে ব্যাপক প্রশ্নের মুখে পড়ে।

(বিবিসি: ১৯৩০ ঘ. ১৫/০৫/১৯ সাইফুর/আলি)

জাহাজ ভাঙার শ্রমিকদের কর্মপরিবেশ ও সুরক্ষার কোন উন্নতি হয়নি: সৈয়দা রেজওয়ানুল হাসান

জাহাজ ভাঙা ও কাটা শিল্প এখন একটি বড় খাত হয়ে উঠেছে চট্টগ্রামে এবং এতে বহু শ্রমিক কাজ করছেন। কিন্তু এই ঝুঁকিপূর্ণ কাজে প্রায় দুর্ঘটনা ঘটে এবং একটু আগেই শুনছিলেন যে ২০১৮ সালে এরকম দুর্ঘটনায় অন্ততঃ ১৩জনের মৃত্যু হয়েছে। শ্রমিকদের নিরাপত্তা বিধানের জন্য সরকারের নিয়ম-কানুন জোরদার করার কথা বলা হলেও বাস্তব পরিস্থিতির আসলে কতটা উন্নতি হয়েছে? এ নিয়ে আমি কথা বলেছিলাম ঐ এলাকায় কর্ম পরিবেশন উন্নত করার জন্য কাজ করে এমন একটি সংগঠন বাংলাদেশ পরিবেশন আইনজীবী সমিতির নির্বাহী পরিচালক সৈয়দা রেজওয়ানুল হাসানের সাথে।

মিস হাসান: এক কথায় উত্তর দিলে আমি বলবো উন্নতি হয়নি বরং তাদের জন্য পরিস্থিতি আরো জটিল হয়েছে। জাহাজ ভাঙার শিল্পের শ্রমিকদের সুরক্ষার জন্য ২০০৯ সালে আদালত একটি রায় দেন। রায়ের প্রেক্ষিতে ২০১১ সালে সরকারের দুই মন্ত্রণালয় দুই রকমের বিধিমালা করে বসে আছে। এই বিধিমালাগুলো করার উদ্দেশ্য ছিল শ্রমিক স্বার্থ সংরক্ষণ করা এবং পরিবেশ সংরক্ষণ করা তার একটাও হয়নি। যেটা হয়েছে সেটা হলো কাগজপত্রে সব কিছু হয়েছে দেখানো হচ্ছে।

বিবিসি: জাহাজ ভাঙার শিল্পের শ্রমিকদের জন্য সবচেয়ে বড় ঝুঁকিটা আসলে কোথায়? আমরা প্রায় মৃত্যুর খবর শুনি তাদের জন্য আসলে সবচেয়ে বড় ঝুঁকিটা কোথায়?

মিস হাসান: সবচেয়ে বড় ঝুঁকি হচ্ছে জাহাজগুলো যখন চলাচল করে তখন সেগুলোকে আমরা বিষাক্ত বলি না। যখন ওগুলোকে ভাঙা হয়, তখন আমরা বিষাক্ত বলি। তখন সেই জাহাজটাকে আমরা বর্জ্য বলি। জাহাজ নির্মাণের সময় জাহাজে নানান রকমের কেমিক্যাল এবং অন্যন্যা দ্রব্য দেয়া হয়। ভাঙার পর সেটা ছড়িয়ে পড়ে। ভাঙার পর ছড়িয়ে পড়ে এরকম বিষাক্ত জিনিসের মধ্যে একটা রয়েছে অ্যাজবেস্টের যেটার এক ফোঁটা যদি আপনি নিশ্বাসের সাথে নিয়ে নেন আপনার কিন্তু ক্যান্সার হতে পারে।

বিবিসি: জাহাজগুলো যখন আনা হয় ভাঙার জন্য তখন কি বাংলাদেশে এই ক্ষতিকারক তেজস্ক্রিয়তা পরীক্ষা করার কি কোন ব্যবস্থা আছে বা আদৌ কি পরীক্ষা করা হয়?

মিস হাসান: বাংলাদেশে আদালত যে রায়টা দিয়েছিলেন সেখানে বলে দিয়েছিলেন এই সমস্ত ক্ষতিকারক দ্রব্য উন্নত বিশ্ব সামলাতে হিমশিম খায়। সেখানে বাংলাদেশে এটা সামলানোর কোন ক্ষমতাই নেই সুতরাং বাংলাদেশে আসবার আগে আন্তর্জাতিক যে আইন আছে সেটা অনুযায়ী এ সমস্ত বর্জ্য যেন আলাদা করে ফেলা হয়। তারপরে কেবল জাহাজটা বাংলাদেশে আসতে পারে। সেটা মোটেও মানা হচ্ছে না। তবে আমি আপনার আগের প্রশ্নটা একটা শেষ করতে চাই। এই অ্যাজবেজস্টার ছাড়া যেটা হয় যে প্রক্রিয়ায় বাংলাদেশে জাহাজটা ভাঙা হয় সম্পূর্ণ ম্যানুয়াল প্রক্রিয়ায়। জাহাজের বিভিন্ন জায়গায় জমে থাকা বিস্ফোরক গ্যাস থাকে। সেগুলোকে যখন আমরা ড্রিলিং করি আগুন দিয়ে সেভাবে যখন ভাঙার চেষ্টা করা হয় তখনই বিস্ফোরণ ঘটে শ্রমিকেরা মারা যায়। আর একটা হচ্ছে যে প্রক্রিয়ায় জাহাজ ভাঙা হয়, সে প্রক্রিয়ায় তারা মৃত্যুর মুখে পতিত হয়।

বিবিসি: আমরা যেটা দেখি যে বাংলাদেশে যত রকমের শ্রমিক রয়েছে তাদের মধ্যে শুধুমাত্র পোশাক খাতের শ্রমিকদের নিয়ে আমরা প্রাতিষ্ঠানিক কিছু কাজকর্ম হতে দেখেছি। এখন জাহাজ ভাঙা শ্রমিক এটা অনেক বড় একটা শিল্প। এদের নিরাপত্তার বিষয়টা গুরুত্ব পাই না কেন বা এগুলো কোনভাবে কোন কিছুর আওতায় আনা যাচ্ছে না কেন?

মিস হাসান: এটা একটা খুবই ভাল প্রশ্ন আপনি করেছেন। এটা আনা যাচ্ছে না পোশাক খাতের সাথে অন্যান্য খাতগুলোর তফাৎটা কি জানেন? পোশাক হচ্ছে আমরা রপ্তানি করি আর এটা আমরা আমদানি করছি। উন্নত বিশ্ব তাদের এই বিষাক্ত বর্জ্যবাহী জাহাজ আমাদের দেশে ডাম্প করে দিয়ে দায়িত্ব থেকে খালাস নিয়ে নিচ্ছে। পোশাক শিল্পের ক্ষেত্রে আমরা যাদেরকে রপ্তানি করি তারা আমাদেরকে বলে এটা না করলে আমি নেবো না, ওটা না করলে আমি নেবো না। কিন্তু এইখানে তারা নিজেদের মধ্যে কোন সম্পৃক্ততা রাখতে চায় না। যেহেতু কোন চাপ নাই সেজন্য উন্নতি হচ্ছে না। আর একটা হচ্ছে জাহাজ ভাঙা শিল্পের আধুনিকায়ন করাটা খুব জরুরি। আধুনিকায়ন করতে হলে আপনাকে টেকনোলজি নিয়ে করতে হবে তখন আবার শ্রমিক এখানে থাকবে না। (বিবিসি: ০৭৩০ঘ. ১৬/০৫/১৯ সাইফুর/নারগীস)

জাহাজ ভাঙা এলাকায় শ্রমিকদের নিরাপত্তার কোন ঘাটতি নেই: জহিরুল ইসলাম

চট্টগ্রাম শহরের কাছে সীতাকুন্ডে জাহাজ ভাঙা এলাকায় বুধবার জাহাজ কাটার সময় এক বিস্ফোরণে এক ব্যক্তির মৃত্যু ও আরো বেশ কয়েকজন আহত হয়েছে। জাহাজা ভাঙার মত একটি ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শ্রমিকদের জন্য উপযুক্ত নিরাপত্তা ব্যবস্থা নেয়া হয় কি না তা নিয়ে অনেক দিন ধরে উদ্বেগ রয়েছে। জাহাজ ভাঙার ক্ষেত্রে নিরাপত্তা সংক্রান্ত সরকারের নিময়-নীতি এবং নজরদারী জোরদার করা হলেও সব ক্ষেত্রে তা মানা হয় না বলে অনেকে মনে করেন। কী পরিস্থিতিতে ঐ দুর্ঘটনা ঘটলো তা জানতে সহকর্মী পুলক গুপ্ত কথা বলেছিলেন চট্টগ্রামে শিপ ব্রেকার্ড এন্ড রিসাইক্লাস এ্যাসোসিয়েশনের একজন নির্বাহী সদস্য জহিরুল ইলামের সাথে।

মি. ইসলাম: আমি যেটা শুনেছি এটা একটা ওয়েল ট্যাঙ্কার ছিলো। ওয়েল ট্যাঙ্কার যখন আমরা রিসাইকেল করি তখন আমরা কিন্তু বাংলাদেশ সরকারের মেন্ডেটারী রুল আছে যে এটা ক্লিন করা ছাড়া ভাঙা যাবে না। যখন আমরা হট ওয়ার্ক করবো তখন কিন্তু এটা সব জায়গায় সেইভ থাকবে। এটা কিন্তু নিশ্চিত করার দায়িত্ব জাহাজের মালিকের। তখন যেটা হয় আসলে আমরা যেহেতু সেইফ ফর হট ওয়ার্ক সার্টিফিকেটটা জাহাজের মালিকের থেকে পেয়েছি। তাই আমরা গিয়ে ওখানে কাটার জন্য প্রস্তুতি নেই। এখন নিশ্চয়ই জাহাজের মালিক ক্লিন করে গেছে সেটা আমাদের দেয় নাই। ফলে যেটা হয়েছে ওখানে যখন আমাদের কাটার ম্যানরা কাটতে গেছে তখন হয়তো ওখানে এক্সপ্লোশন হয়েছে এবং ওখানে আগুন ছড়িয়ে পড়েছে। আমি মনে করি যদি এটার দায় পুরোপুরি শিপ রিসাইকেলারকে দেই সেটা ঠিক হবে। হ্যাঁ, হয়তো আমাদের ওয়ার্কার যাওয়ার

আগে ঐ জায়গাটা পরীক্ষা করতে পারতো যে আজকে আমরা যেখানে কাটতে যাবো সেই জায়গাটা সেইফ কি না। কিন্তু যেহেতু জাহাজের মালিকরা এটা এনসিউর করে সেহেতু অনেক সময় এটা করা হয়না। সেক্ষেত্রে মালিকরা দায়িত্বশীল না হওয়াতে এই ধরণের সমস্যা এখনও ঘটছে।
বিবিসি: তাহলে জাহাজ কাটার ব্যাপারটা নিরাপদ করার জন্য যে সমস্ত নিয়ম বেঁধে দেয়া হয়েছে এবং সে সমস্ত নিরাপত্তা প্রক্রিয়া অনুসরণ করার কথা বলা হয়েছে, সেগুলি কি তাহলে বাস্তবায়ন হচ্ছে না?
মি. ইসলাম: ডেফিনেটলী হচ্ছে কিন্তু আমাদের বাংলাদেশে যে সব নিয়মগুলো আছে সেগুলো আমরা নিশ্চয়ই ফলো করি। প্রতিটা ডিপার্টমেন্ট থেকে আমাদের পারমিশন নিতে হয়। তাই ওনারা এসে অডিট করে যে এটা কি কাজ করার উপযুক্ত কিনা। এরপরই আমাদের রিসাইক্লিনের পারমিশন দেয়।
বিবিসি: কিন্তু জাহাজ কাটার কাজে যে নিয়ম-কানুন অনুসরণ করা, যেমন বিশেষ ধরণের পোশাক পরা, মাথায় হেলমেট পরা, ফায়ার সেফটি এই জিনিসগুলো করা হয় কিনা?
মি. ইসলাম: আপনি যদি সাম্প্রতি কোন ইয়ার্ডে যান দেখবেন প্রতিটা ওয়ার্কার কিন্তু সব কিছু ট্রেনিং করে কাজ করছে। সেফটি পরাটা কিন্তু একটা মেন্ডেটারী এগুলো কিন্তু আমরা মেনে চলছি। আপনি দেখেন আমরা সব সময় বলি যে এটা দুর্ঘটনা। দুর্ঘটনা কিন্তু কেউ ইচ্ছা করে করে না যে আমি জোর করি আর আগুন ধরে দুইটা লোক মারা গেলো। সেটা কিন্তু কেউ চাই না। কোন ওনার কি চাইবে যে ইয়ার্ডে একটা লোক মারা যাক। এটা কখনও চাইবে না।
বিবিসি: এই ধরণের অভিযোগ আছে সব মৃত্যুর খবর পত্রিকায় আসে না।
মি. ইসলাম: আমি এটা বিশ্বাস করি না যে এই ডিজিটাল যুগে প্রতিটা মৃত্যু লুকানো সম্ভব। হ্যাঁ ইনফরমেশন পাওয়া যায় যে গত বছর ক'জন মারা গেছে।
বিবিসি: এ সংখ্যাটা কত, আপনি কি বলতে পারেন এ সংখ্যাটা কত?
মি. ইসলাম: আমার মনে হয়, ২০১৮-তে সম্ভবত ১৩ বা ১৪ জন মারা গেছে। এ বছরের হিসাবটা আমার কাছে নেই।
বিবিসি: তার মানে দুর্ঘটনা প্রতি বছর কিছু না কিছু ঘটছে?
মি. ইসলাম: অবশ্যই, ইন্ডাস্ট্রি থাকলে এই ধরণের দুর্ঘটনা হবে এবং এটার জন্য শ্রম মন্ত্রণালয় খুব কাজ করছে। সম্প্রতি দুই থেকে তিনটা ইয়ার্ড আগামী ৬ মাসের মধ্যে কাজ করতে পারবে না সে শাস্তি দেয়া হয়েছে। আপনি কিন্তু আইএমও ওয়েবসাইটে দেখেন বাংলাদেশকে কিন্তু ওরা বলছে যে আমরা সঠিক জায়গায় আছি। আমি মনে করি এভাবে যদি পদক্ষেপ নেয়া হয় তাহলে আরো ভাল হবে।
(বিবিসি: ০৭:৩০ ঘ. ১৬/০৫/২০১৯ সাইফুর/হেলাল)

শিশুদের সুরক্ষা ও উন্নয়নের জন্য বাজেটে আরও বেশি বরাদ্দের দাবি সেইভ দ্যা চিলড্রেনের

আন্তজাতিক শিশু বিষয়ক সংস্থা সেভ দ্যা চিলড্রেন বলছে, বাংলাদেশি শিশুদের সুরক্ষা ও উন্নয়নের জন্য বাজেটে আরও বেশি বরাদ্দ থাকা দরকার। সংস্থাটি বলছে, বাংলাদেশি শিশুদের উপরে যৌন নির্যাতনসহ বিভিন্ন রকম নিপীড়নের পরিমাণ বাড়ছে বলে তারা আশঙ্কা করছে এবং তাদের শিক্ষা, স্বাস্থ্য ও উন্নয়নের জন্য প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক কাঠামো এখনও গড়ে উঠেনি। প্রতিষ্ঠানটি বলছে এজন্য প্রয়োজনীয় বাজেটে অধিকতর বরাদ্দ এবং দিক নির্দেশনা। এ ব্যাপারে কিছু সুপারিশ আজ এক সংবাদ সম্মেলনের মাধ্যমে তুলে ধরতে যাচ্ছে সংস্থাটি। এতে কী বলা হচ্ছে? তা জানতে পুলক গুপ্ত কথা বলেছিলেন সেভ দ্যা চিলড্রেনের শিশু সুরক্ষা ও অধিকার বিষয়ক উপ-পরিচালক আশিক ইকবালের সাথে।
মি. ইকবাল: আসলে আমরা এটা লক্ষ্য করেছি বিগত বেশ কয়েক বছর ধরেই, সেটা হচ্ছে যে বাজেটে শিশুদের জন্য যে বরাদ্দগুলো থাকে মূলত শিক্ষা। স্বাস্থ্য এবং সুরক্ষার মত বিষয়গুলো থাকে। সেগুলো বেড়েছে আক্ষরিক অর্থে, কিন্তু বাজেটে শতাংশে যেটা আসলে প্রায়োরিটি মিন করে সেখানে আমরা দেখতে পাই যে, এগুলো আসলে কমেছে। ফলে আমরা আসলে শিশু অধিকার পরিস্থিতি বাংলাদেশে যেটা সেটা কিন্তু আমরা তেমন কোনভাবে চেঞ্জ হতে দেখি না। অনেক শিশু শিক্ষা ব্যবস্থার বাইরে থেকে যাচ্ছে, ঝরে পড়া শিশুর সংখ্যা অনেক ৫ দশমিক ৫ মিলিয়নের মত শিশু এখনও শিক্ষা ব্যবস্থার বাইরে।
বিবিসি: তারা কি একেবারেই স্কুলে যাচ্ছে না?

মি. ইকবাল: মানে ঝরে পড়া শিশুও আছে এরমধ্যে আবার আছে একেবারে স্কুলে যাচ্ছে না। এই মুহূর্তে তারা শিক্ষা ব্যবস্থার বাইরে। আবার শিশু মৃত্যুর হারের ক্ষেত্রেও আমারা দেখতে পাই যে, এক্ষেত্রে অনেক উন্নতি হলেও এখনও কিন্তু আমাদের এই হারটা অনেক বেশি। আর সুরক্ষার বিষয়টা আমরা বিগত বেশ কিছুদিন ধরে দেখতে পাই যে, পরিস্থিতি আসলে আরও অনেক খারাপ হয়েছে। শিশু ধর্ষণ থেকে শুরু করে যৌন হয়রানিসহ অনেক ধরণের শিশু সুরক্ষার জায়গা থেকে আমরা অনেক ধরণের উৎকণ্ঠার বিষয় দেখতে পাই।

বিবিসি: এই যে শিশুদের উপরে সহিংসতা, যৌন সহিংসতা থেকে শুরু করে অন্যান্য ধরণের সহিংস আচরণ এটা কি বাড়ছে বলে আপনারা মনে করছেন?

মি. ইকবাল: এটা আসলে দু'ভাবে বলা যায়–এক হচ্ছে যে, আমরা মনে করি না যে একদম নতুন একটি ব্যাপার। এটা আগেও ছিল, এখনও আছে। কিন্তু আমরা এটা বিগত বেশ কিছু দিন ধরে বাড়তে দেখছি। একটা কারণ অবশ্যই যে আমরা এখনও আরও বেশি নিউজ পাই।

বিবিসি: আপনি কি বলতে পারেন যে নিকট অতীতে বাজেটে শিশুদের জন্য কী পরিমাণ বরাদ্দ ছিল এবং আপনার সেটা বাড়িয়ে কতদূর নিতে চাইছেন?

মি. ইকবাল: এটাকে তো আসলে এক কথায় ওভাবে বলা যায় না। শিশুদের জন্য বরাদ্দ আসলে অনেকগুলো খাতের ভেতর দিয়ে হয়। তার মধ্যে শিক্ষা, স্বাস্থ্যসহ আসলে অনেকগুলো খাতই জড়িত। সেখানে বলা যায়, বাজেটের ১৭ শতাংশের মত একটা ভাগ শিশুদের জন্য আসলে বরাদ্দ। তবে আমরা যেটা বলতে চাই সেটা হচ্ছে যে, আমরা শিশু স্বাস্থ্যে যেমন বরাদ্দ পাঁচ শতাংশে নেমে এসেছে। এটা আরও অনেক বাড়াতে হবে। কারণ সাউথ এশিয়ার সবগুলো দেশের মধ্যে বাংলাদেশে সবচেয়ে কম বাজেট বরাদ্দ দিয়ে থাকে। জিডিপির শতাংশে হেলথ সেক্টরে এই কথা আবার বলা যায় এডুকেশন সেক্টরেও সেটার বরাদ্দ এই মুহূর্তে নেমে এসেছে এগার দশমিক চার শতাংশে। যেটা সাউথ এশিয়ার আর সব কান্ট্রি আফগানিস্তান, নেপাল, ভুটান সবাই আমাদের চেয়ে বেশি বরাদ্দ দেয়। ইউনেস্কোর একটা স্ট্যান্ডার্ড হচ্ছে যে, তাদের সাজেশন হচ্ছে যে, এডুকেশনের জন্য বরাদ্দ থাকা উচিত একটা দেশের বাজেটের ২০ শতাংশ। সুতরাং আমরা বলছি না যে, একেবারে ১১ থেকে ২০ এ চলে যাওয়া সম্ভব। কিন্তু ২০২৫ নাগাদ সেটা অবশ্যই আমাদের টার্গেট হওয়া উচিত। আমরা একরকমই মনে করি।

বিবিসি: শিশুদের সুরক্ষার ব্যাপারটি আপনি বলছিলেন, আপনি যৌন নিপীড়ন থেকে শুরু করে বিভিন্ন ধরণের বাজেটে কীভাবে এই সমস্যাটাকে এড্রেস করা সম্ভব, কীভাবে বরাদ্দগুলো হওয়া উচিত বলে আপনারা মনে করছেন?

মি. ইকবাল: মূলতঃ যেভাবে আসলে দু'টো জায়গায় আমরা মনে করি যে, বরাদ্দের বিশেষ প্রয়োজন আছে এই সুরক্ষার জায়গাটিকে নিশ্চিত করার জন্য। এটার জন্য একটু সামাজিক সচেতনতারও প্রয়োজন আছে। যে জায়গাটা সরকার ক্যাম্পেইন আকারে নিয়ে বড় আকারে সারা দেশে পরিচালনা করা দরকার। সেটার জন্য অবশ্যই বড় ধরনের বাজেট প্রয়োজন আসলে। কিন্তু একই সাথে আরও যেটির অভাবে এই পুরো পরিস্থিতিটাকে খারাপ করে বলে আমরা মনে করি সেটা হচ্ছে যে, বাংলাদেশে কিন্তু সুরক্ষা ব্যবস্থা যেটা, সেটা খুবই দুর্বল যেমন আমাদের শিশু বিষয়টিই আসলে শিশু এবং মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের মধ্যে আছে এবং সেই মন্ত্রণালয়ের মধ্যেও আবার মহিলাদের বিষয় যেমন একটা অধিদপ্তর আছে, শিশুদের জন্য কিন্তু কোন অধিদপ্তর নেই। তার মানে ঐ যে শিশু অধিদপ্তর বা একটা সেক্টরের চাইল্ড ডিরেক্টরের একটা খরচ। আবার শিশু সুরক্ষা নিশ্চিত করার জন্য পুরো বিষয়টিকে অভার অল মনিটর করার জন্য কিন্তু আবার হিউম্যান রাইটস কমিশন যেমন আছে, সেরকম একটা চাইল্ড রাইটস কমিশন থাকা উচিত। সেটাও কিন্তু বাংলাদেশে নেই। অনেক দেশে আছে। এগুলো প্রতিষ্ঠা করার জন্য, এই যে সিস্টেমটাকে চালানোর জন্য একটা বড় ধরনের বাজেট সহায়তা প্রয়োজন। সেটাই আমরা আশা করছি যে সরকারের কাছ থেকে এই যে জিনিসটা আসবে শিশু সুরক্ষা পরিস্থিতিটা মোকাবেলার জন্য। (বিবিসি: ০৭:৩০ ঘ. ১৬/০৫/২০১৯ এলিনা/হেলাল)

ভয়েস অফ আমেরিকা

জঙ্গীরা পুলিশসহ আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যদেরকে হামলার টার্গেট বানাচ্ছে: আইজিপি

ক্রাইম রিপোর্টারদের সঙ্গে কথা বলার সময় বাংলাদেশের পুলিশের মহাপরিদর্শক জানান যে, জঙ্গিরা পুলিশসহ আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যদেরকে হামলার টার্গেট বানাচ্ছে। ঢাকা থেকে মতিউর রহমান চৌধুরী :

আইজিপি বলেন, পুলিশ বাহিনীকে এজন্য নিজ নিজ অবস্থান থেকে সতর্ক থাকার জন্য বলা হয়েছে। সারাদেশে নিরাপত্তাও বাড়ানো হয়েছে। ড. জাবেদ পাটোয়ারী বলেন, গোটা বিশ্বে এখন জঙ্গীরা দলবদ্ধ হয়ে হামলা করছে না। এখন তারা ওল্ড পদ্ধতিতে হামলা চালাচ্ছে। তার মতে, এ প্রবণতা রোধ করা কঠিন। তিনি জানান, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী জঙ্গীদের সকল কর্মকাণ্ড নজরদারি ও নিয়ন্ত্রণে রেখেছে।
ওদিকে, বৌদ্ধ পূর্ণিমায় জঙ্গী হামলার আশঙ্কায় সারাদেশে সতর্কতা জারি করেছে পুলিশ। সারাদেশে বৌদ্ধ মন্দিরসহ সকল গুরুত্বপূর্ণ স্থাপনায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে বলা হয়েছে। আইএস ও নিষিদ্ধ সংগঠন জামায়াতুল মুজাহিদীন বাংলাদেশ যৌথভাবে ১৮ই মে বৌদ্ধ পূর্ণিমায় হামলা করতে পারে এরকম খবরের ভিত্তিতে নিরাপত্তা বাড়ানো হয়েছে। (ভোয়া: ২২০০ ঘ. ১৫-০৫-১৯ ফারুক/সজীব)

তিউনিসিয়ার নৌকাডুবিতে চল্লিশজন বাংলাদেশির প্রাণহাণি ঘটেছে: পররাষ্ট্রমন্ত্রী

বাংলাদেশে পররাষ্ট্র মন্ত্রণালয় আশঙ্কা করছে, গত ৯ই মে তিউনিসিয়ার নৌকাডুবিতে বাংলাদেশির প্রাণহানি ঘটেছে সংখ্যায় চল্লিশজন। ঢাকা থেকে আমির খসরু: পররাষ্ট্রমন্ত্রী বুধবার ঢাকায় এক সংবাদ ব্রিফিংয়ে বলেন, (স্বকণ্ঠে): ‘‘এখানে আসছে ঊনচল্লিশজনের লিস্ট বাংলাদেশিরা যারা আছেন, এর মধ্যে বাইশজন বৃহত্তর সিলেটের। আর ওদিকে উদ্ধারকৃত চৌদ্দজন’’। পররাষ্ট্রমন্ত্রী জানান, মাত্র একজন বাংলাদেশির মরদেহ পাওয়া গেছে। তিনি বলেন, যে নৌকাটি ডুবে যায় তাতে সত্তর থেকে আশিজন অভিবাসী যাত্রী ছিলেন এবং এর অধিকাংশই ছিলেন বাংলাদেশি। পররাষ্ট্রমন্ত্রী জানান, মানবপাচারের সাথে যুক্ত নোয়াখালীর তিন ভাইয়ের একটি চক্র এবং মাদারীপুরের দু'জনকে শনাক্ত করা হয়েছে। এর আগে লিবিয়ার রেড ক্রিসেন্টসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা সাইত্রিশজন বাংলাদেশি নিহত হবার খবর নিশ্চিত করেছিল।
(ভোয়া: ২২০০ ঘ. ১৫-০৫-১৯ ফারুক/সজীব)

তথ্য প্রযুক্তি আইনে দায়ের এক মামলায় লেখক ইমতিয়াজ মাহমুদকে কারাগারে প্রেরণ

বাংলাদেশে তথ্য প্রযুক্তি আইনে দায়ের এক মামলায় আইনজীবী, লেখক ইমতিয়াজ মাহমুদকে কারাগারে পাঠানো হয়েছে। ঢাকা থেকে মতিউর রহমান চৌধুরী: ২০১৭ সালে ইমতিয়াজ মাহমুদের বিরুদ্ধে বিতর্কিত ৫৭ ধারায় মামলাটি করেন শফিকুল ইসলাম নামে খাগড়াছড়ির এক বাসিন্দা। পার্বত্য চট্টগ্রামে বসবাসকারীদের মধ্যে সাম্প্রদায়িক উস্কানি দেওয়ার অভিযোগ আনা হয় তার বিরুদ্ধে। যদিও তিনি তা অস্বীকার করেছেন। বলেছেন, তার লেখায় কোন উস্কানি ছিল না। ছাত্র ইউনিয়নের সাবেক নেতা ইমতিয়াজ মাহমুদ সুপ্রিম কোর্টের একজন আইনজীবী। এর আগে ডিজিটাল নিরাপত্তা আইনের এক মামলায় বরিশাল থেকে গ্রেফতার হন কবি হেনরি স্বপন। শ্রীলঙ্কার গীর্জায় বোমা হামলা নিয়ে ফেসবুকে এক মন্তব্যের কারণে তাকে গ্রেফতার করা হয়। এ দু'জনের মুক্তির দাবিতে বুধবার বিকেলে রাজধানীতে বিক্ষোভ কর্মসূচি পালন করে কয়েকটি সংগঠন। (ভোয়া: ২২০০ ঘ. ১৫-০৫-১৯ ফারুক/সজীব)

রেডিও জাপান

যুক্তরাষ্ট্রের সাথে যুদ্ধে লিপ্ত হওয়ার চেষ্টা করছে না ইরান: আয়াতুল্লাহ আল খামেনি

ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আল খামেনি বলেন যে, তার দেশ যুক্তরাষ্ট্রের সাথে যুদ্ধে লিপ্ত হওয়ার চেষ্টা করছে না। ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে উত্তেজনা বৃদ্ধি পাওয়ার মুখে তিনি এই মন্তব্য করলেন। ইরান বা তার মিত্রদের কাছ থেকে সম্ভাব্য হুমকি বলে অভিহিত করে তার জবাবে ট্রাম্প প্রশাসন সম্প্রতি মধ্যপ্রাচ্যে এক বিমানবাহী জাহাজের বহর এবং বি-ফিফটি টু বোমারু বিমান পাঠিয়েছে। গতকাল খামেনি টুইট বার্তায় বলেন যে, ইরানের নিশ্চিত বিকল্প হলো, ওয়াশিংটনের কাছে নত স্বীকার না করা। তবে তিনি জোরের সাথে জানান, সশস্ত্র সংঘাত এড়িয়ে যাওয়ার আশা করছে তেহরান। এছাড়া, ইরানি পররাষ্ট্রমন্ত্রী মো. জাওয়াদ জারিফ অযথা পরিস্থিতি আরো গুরুতর করে তোলার অভিযোগ এনেছেন যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে। রবিবার অন্তর্ঘাতমূলক হামলায় দু'টি তেলের ট্যাঙ্ক ক্ষতিগ্রস্ত হয়েছে বলে সৌদি আরবের করা মন্তব্যের পর উত্তেজনা আরো বৃদ্ধি পেতে পারে বলে উদ্বেগ দেখা দিচ্ছে। মার্কিন সংবাদ মাধ্যমের কেউ কেউ বলছে যে, ইরান বা দেশটির সমর্থিত সশস্ত্র বাহিনী এই হামলার পেছনে থাকতে পারে। তবে এই ঘটনার সাথে জড়িত থাকার বিষয়টি তেহরান অস্বীকার করেছে। ইরানের পররাষ্ট্রমন্ত্রী মো. জাওয়াদ জারিফ প্রধানমন্ত্রী শিনজো আবে এবং পররাষ্ট্রমন্ত্রী তারো কোনোর সাথে টোকিওতে বৃহস্পতিবার সাক্ষাৎ করবেন। পরমাণু চুক্তি থেকে যুক্তরাষ্ট্র প্রত্যাহার করে নেওয়ার

পর ইরানকে বৈশ্বিক যে পরিস্থিতির সম্মুখীন হতে হচ্ছে তার উপর আলোচনা কেন্দ্রীভূত হবে বলে ধারণা করা হচ্ছে। (রে. জাপান: ২১০০ ঘ. ১৫-০৫-১৯ এলিনা/সজীব)

রেডিও তেহরান

একটি অশুভ চক্র কৃষকদের উস্কানি দিয়ে সাবোটেজ করতে ধানে আগুন দিচ্ছে: খাদ্যমন্ত্রী

বাংলাদেশ সরকারের খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার বলেছেন, সরকারকে বিপর্যস্ত ও বিব্রত করতে একটি অশুভ চক্র কৃষকদের উস্কানি দিয়ে সাবোটেজ করতে সম্প্রতি ধানে আগুন দিচ্ছে। এই চক্রটি গণমাধ্যম কর্মীদের সেখানে বিশেষ উদ্দেশ্যে নিয়ে গিয়ে তা ফলাও করে প্রচার করছে।
(রে. তেহরান: ২০৩৫ ঘ. ১৫-০৫-১৯ এলিনা/সজীব)

ভূমধ্যসাগরে নিখোঁজ ঊনচল্লিশ ব্যক্তির নাম, পরিচয় পাওয়া গেছে: পররাষ্ট্রমন্ত্রী

তিউনিসিয়ার উপকূলে ভূমধ্যসাগরে নৌকাডুবিতে ঊনচল্লিশজন নিখোঁজ ব্যক্তির নাম, পরিচয় পাওয়া গেছে বলে জানিয়েছেন বাংলাদেশের পররষ্ট্রমন্ত্রী এ. কে. আব্দুল মোমেন। এ সম্পর্কে আরো জানাচ্ছেন বিশেষ প্রতিনিধি আব্দুর রহমান খান: তিউনিসিয়ার উপকূলে ভূমধ্যসাগরে নৌকাডুবিতে ঊনচল্লিশজন নিখোঁজ ব্যক্তির নাম, পরিচয় পাওয়া গেছে বলে জানিয়েছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এ. কে. আব্দুল মোমেন। আজ বুধবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে নিজ কার্যালয়ে সাংবাদিকদের তিনি জানান, এ ঘটনার সাথে সংশ্লিষ্ট মানবপাচারে যুক্ত নোয়াখালীর তিন ভাইয়ের একটি চক্র এবং মাদারীপুরের দু'জনকে শনাক্ত করা হয়েছে। এছাড়া, বৃহত্তর সিলেট থেকে যারা গেছেন তাদের পরিবারের সদস্যরা বেশকিছু দালালকে চিহ্নিত করেছে। পররাষ্ট্রমন্ত্রী এ. কে. আব্দুল মোমেন আরো বলেন, চৌদ্দ যাত্রীর সাথে কথা বলে লিবিয়ায় বাংলাদেশ দূতাবাসের কর্মকর্তারা তাদের সম্পর্কে বিস্তারিত জেনেছেন। যে চারজনের মৃহদেহ পাওয়া গেছে তাদের একজন বাংলাদেশি বলে নিশ্চিত হওয়া গেছে। তিনি হলেন শরীয়তপুরের নড়িয়ার গৌতম দাসের ছেলে উত্তম কুমার দাস। পররাষ্ট্রমন্ত্রী জানান, গত বৃহস্পতিবার দু'টি নৌকায় করে ভূমধ্যসাগরের পথে একশ' ত্রিশজন ইতালির উদ্দেশ্যে যাত্রা করে। এদের মধ্যে একশ'জন ছিলেন বাঙলাদেশের নাগরিক। একটি নৌকা নিরাপদে পৌঁছে গেলেও দ্বিতীয় নৌকাটি দুর্ঘটনায় পড়ে। তিউনিসিয়া থেকে পাঠানো বার্তার উদ্ধৃত করে পররাষ্ট্রমন্ত্রী জানান, উদ্ধারকৃত বাংলাদেশি চৌদ্দজনের মধ্যে চারজন সরকারি হাসপাতালে চিকিৎসাধীন। এই চারজনের মধ্যে দু'জনের শরীরের বড় অংশ আগুনে পুড়ে গেছে। কারণ এরা তেলের ড্রাম ধরে ভূমধ্যসাগরে সাত থেকে আটঘণ্টা ভেসে ছিল। অন্য দু'জন আঘাতের কারণে আহত হয়েছেন। আর বাকি দশজন তিউনিসিয়ার রেড ক্রিসেন্টের আশ্রয় শিবিরে আছেন। এক প্রশ্নের জবাবে পররাষ্ট্রমন্ত্রী বলেন, বাংলাদেশের এসব নাগরিক চার থেকে পাঁচ মাস আগে লিবিয়া গেছেন। লিবিয়ার রাজধানী ত্রিপোলি পৌঁছার পর মানবপাচারকারীরা তাদেরকে আটকে রেখেছিল। বিভিন্ন সময় তাদের মারধর করে বাংলাদেশে তাদের পরিবারের সদস্যদের কাছ থেকে টাকা আদায় করেছে এসব মানবপাচারকারীরা। (রে. তেহরান: ২০৩৫ ঘ. ১৫-০৫-১৯ এলিনা/সজীব)

ধর্ষণের বিরুদ্ধে ট্রাইব্যুনাল করে দ্রুত বিচার করলে এসব অপরাধ কমে যাবে: নাসিম

বাংলাদেশ আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য মোহাম্মদ নাসিম বলেছেন, এই দেশে পয়সা দিয়ে আইন-শৃঙ্খলা বাহিনীকে কেনা যায়, পয়সা দিয়ে আইনজীবী কেনা যায়, এমনকি আদালত পর্যন্ত কেনা যায়। তাই বলতে চাই, ধর্ষণের বিরুদ্ধে ট্রাইব্যুনাল করে দ্রুত বিচার করুন, তাহলে দেখবেন এসব অপরাধ কমে গেছে। বিএনপি-জামায়াতের চেয়েও ভয়ঙ্কর এসব অপরাধী। প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে আজ জাতীয় প্রেস ক্লাবে এক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।
(রে. তেহরান: ২০৩৫ ঘ. ১৫-০৫-১৯ এলিনা/সজীব)

বেশ কিছু পোশাক কারখানায় শ্রমিক অসন্তোষ দেখা দিতে পারে বলে সরকারকে আগাম সতর্কতা

বাংলাদেশে ঈদুল ফিতর সামনে রেখে বেশ কিছু পোশাক কারখানায় শ্রমিক অসন্তোষ দেখা দিতে পারে বলে সরকারকে আগাম সতর্ক করে দিয়েছে শ্রম সংক্রান্ত ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটি। বিদ্যমান পরিস্থিতি মোকাবেলায় বিজিএমইএ চারটি কমিটি গঠন করেছে। এ সম্পর্কে প্রতিবেদন করেছেন ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি আব্দুর রহমান খান:আসন্ন ঈদুল ফিতরের উৎসবের আগে বেশ কিছু পোশাক কারখানায় শ্রমিক অসন্তোষ দেখা দিতে পারে বলে সরকারকে আগাম সতর্ক করে দিয়েছে শ্রম সংক্রান্ত ক্রাইসিস

ম্যানেজমেন্ট কমিটি। তৈরি পোশাক কারখানার মালিক ও রপ্তানিকারকদের সংগঠন বিজিএমইএ'র সভাপতি রুবানা হক বলেছেন, অসম্ভব খারাপ অবস্থা অতিক্রম করতে হচ্ছে। গত রোববার শ্রম সংক্রান্ত ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটির একচল্লিশতম সভায় এরকম অসন্তোষের অন্ততঃ সাতটি কারণও চিহ্নিত করা হয়েছে। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের কার্যকক্ষে উল্লেখিত কারণগুলোর মধ্যে আছে যথাসময়ে অর্থাৎ ঈদের অন্ততঃ সাত-আটদিন আগে শ্রমিক কর্মচারীদের বেতন-ভাতা ও ঈদ বোনাস পরিশোধ না করা। এছাড়া, শ্রমিক ছাটাই, নির্যাতন এবং হয়রানির বিষয় তো রয়েছেই। এ অবস্থায় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর জানিয়েছে, ঈদকে কেন্দ্র করে শ্রমিক অসন্তোষ দেখা দিতে পারে এরকম ছয়শ' ষাটটি পোশাক কারখানার তালিকা পাঠানো হয়েছে আইন-শৃঙ্খলা বাহিনীর পক্ষ থেকে। এর মধ্যে অতি ঝুঁকিপূর্ণ কারখানা চব্বিশটি। আর ঝুঁকিপূর্ণ কারখানার সংখ্যা ঊনত্রিশটি। ঈদুল ফিতরের আগে পোশাক খাতে শ্রম অসন্তোষের কথা জানিয়ে বাংলাদেশ টেক্সটাইল গার্মেন্টস ওয়ার্কার্স ফেডারেশনের সভাপতি আবুল হোসাইন রেডিও তেহরানকে জানিয়েছেন, (স্বকণ্ঠে): এইমাত্র আমরা বিজিএমইএ'তে মিটিং করে বের হলাম। শ্রমিক নেতাদের সাথে বিজিএমইএ'র মতবিনিময় ছিল। সেখানে এই বিষয়গুলো বিজিএমইএ'র নজরে আনা হয়েছে এবং সেক্ষেত্রে শ্রমিক নেতাদের সহযোগিতা চেয়েছেন। শ্রমিক নেতারা অঙ্গীকার করেছেন যে, সরকার দ্বিপক্ষীয়ভাবে যে সময়টা নির্ধারণ করে দিয়েছেন যে, এত তারিখের মধ্যে বেতন-ভাতা পরিশোধ করতে হবে, সেই সময়ের মধ্যে যদি মালিকরা পরিশোধ করে তাহলে শ্রমিক নেতারা নিশ্চয়ই বিজিএমইএ'কে সহযোগিতা করবে। আবুল হোসাইন আরো জানিয়েছেন, (স্বকণ্ঠে): বিজিএমইএ এখন থেকে মনিটরিং করবেন এবং বড় ধরণের কোন অসন্তোষ দেখা না যায় সে জন্য তারা চেষ্টা করবেন। মালিকরা যদি আমাদের সহযোগিতা চায় তাহলে আমরা সহযোগিতা করব। তবে এক্ষেত্রে মালিকদের সদিচ্ছার বহিঃপ্রকাশ ঘটাতে হবে। এর আগে গত ৬ই মে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে শিল্প, শ্রম ও কর্মসংস্থান এবং বাণিজ্য মন্ত্রণালয়ে একটি চিঠি পাঠিয়ে বলা হয়েছে, নতুন বেতন কাঠামো ঘোষণার প্রেক্ষিতে সময়মত শ্রমিকদের বেতন-ভাতা পরিশোধ না করায় সংশ্লিষ্ট কারখানায় শ্রমিক অসন্তোষ সৃষ্টি হচ্ছে। আর এই চিঠিতে ১৫ই এপ্রিলের মধ্যে মার্চের বেতন পরিশোধ করার জন্য বলা হয়েছে। এদিকে, বিজিএমইএ'র সূত্র মতে, সংগঠনের নতুন কমিটি দায়িত্ব গ্রহণের পর গত সতের দিনে একুশটি কারখানা বন্ধ হয়েছে। এসব কারখানায় কর্মরত শ্রমিকের সংখ্যা তের হাজার ছয়শ' পঁচাশি। (রে. তেহরান: ২০৩৫ ঘ. ১৫-০৫-১৯ এলিনা/সজীব)

রেডিও এবিসি

ঢাকাকে বাসযোগ্য করতে ৭টি নতুন কর্মকৌশল যুক্ত করা হয়েছে

ঢাকাকে আরো বাসযোগ্য এবং উন্নত শহর হিসেবে গড়ে তুলতে প্রক্রিয়াধীন বিশদ অঞ্চল পরিকল্পনা ৭টি নতুন কর্মকৌশল যুক্ত করা হচ্ছে। এগুলো যুক্ত হলে নগরের জলাভূমি সংরক্ষণ, উন্নত বাসস্থান, প্রশস্ত সড়ক,উন্মুক্ত স্থান, বিনোদন কেন্দ্রসহ অন্যান্য নাগরিক সুবিধা নিশ্চিত করা সম্ভব হবে।
(রেডিও এবিসি: ১৫:০০ঘ. ১৫/০৫/১৯ সাইফুর/আলি)

কথিত বন্দুকযুদ্ধের পরও মাদকের আমদানি ও কেনা-বেঁচা কমেনি

ঢাক-ঢোল পিটিয়ে, সাঁড়াশি অভিযান আর কথিত বন্দুক যুদ্ধের পর অনেকে ধরে নিয়েছিল দেশে মাদকের পাচার এবং কেনা-বেঁচা কমে যাবে। কিন্তু ফলাফল উল্টো। অভিযান শুরুর এক বছরের মাথায় এসে দেখা যাচ্ছে মাদকের আমদানি এবং কেনা-বেঁচা কমেনি বরং বেড়ে গেছে।
(রেডিও এবিসি: ১৫:০০ঘ. ১৫/০৫/১৯ সাইফুর/আলি)

আজ সন্ধ্যা ৬টায় দেশে ফিরছেন ওবায়দুল কাদের

চিকিৎসা শেষে দুই মাস দশদিন পর সিঙ্গাপুর থেকে আজ বুধবার সন্ধ্যা সাড়ে ৬টায় দেশে ফিরবেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। বিমান বন্দরে তাকে অভ্যর্থনা জানাবেন আওয়ামী লীগের নেতা-কর্মীরা। (রেডিও এবিসি: ১৫:০০ঘ. ১৫/০৫/১৯ সাইফুর/আলি)

চিকিৎসার জন্য থাইল্যান্ড গেছেন মির্জা ফখরুল

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর চিকিৎসার জন্য থাইল্যান্ডে গেছেন। বুধবার সকাল ১০টা ২০ মিনিটে বাংলাদেশ বিমানের একটি ফ্লাইটে তিনি ঢাকা ছাড়েন।
(রেডিও এবিসি: ১৫:০০ঘ. ১৫/০৫/১৯ সাইফুর/আলি)

আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে টার্গেট করেছে জঙ্গীরা: আইজিপি

আইজিপি জাভেদ পাটোয়ারী বলেছেন, পুলিশসহ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে টার্গেট করেছে জঙ্গীরা। বিশ্বে লোনউলফ পদ্ধতিতে হামলা চালাচ্ছে অর্থাৎ দলবদ্ধ হামলার চেয়ে একাকী হামলা চালানোর প্রবণতা বাড়ছে। এই প্রবণতা রোধ করা প্রায় অসম্ভব। আজ বুধবার পুলিশ সদর দপ্তরে বাংলাদেশ ক্রাইম রিপোর্টার্স অ্যাসোসিয়েশনের ক্র্যাব কার্যনির্বাহী কমিটির সঙ্গে শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে একথা বলেন আইজিপি।
(রেডিও এবিসি: ১৮:০০ঘ. ১৫/০৫/১৯ সাইফুর/আশরাফ)

২২ শে মে থেকে ঈদুল ফিতরের ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি শুরু হবে : রেলমন্ত্রী

আসন্ন ঈদুল ফিতর উপলক্ষে ২২ মে থেকে ঈদের অগ্রিম ট্রেনের টিকিট বিক্রি শুরু হবে। ঢাকার ৫টি জায়গা থেকে এই টিকিট দেয়া শুরু হবে। প্রতিদিন প্রায় ২৭ হাজার টিকিট দেয়া হবে। যার অর্ধেক পাওয়া যাবে মোবাইল অ্যাপস থেকে আর বাকী অর্ধেক সংগ্রহ করতে হবে কাউন্টার থেকে। বুধবার দুপুরে এক সংবাদ ব্রিফিংয়ে রেলমন্ত্রী একথা বলেন। (রেডিও এবিসি: ১৮:০০ঘ. ১৫/০৫/১৯ সাইফুর/আশরাফ)

ভূমধ্যসাগরে নৌকা ডুবিতে নিখোঁজ ৩৯ জনের পরিচয় পাওয়া গেছে: পররাষ্ট্রমন্ত্রী

তিউনিসিয়ার উপকূলে ভূমধ্যসাগরে নৌকা ডুবিতে ৩৯জন নিখোঁজ ব্যক্তির নাম, পরিচয় পাওয়া গেছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী এ. কে. আব্দুল মোমেন। বুধবার পররাষ্ট্র মন্ত্রণালয় নিজ কার্যালয়ে সাংবাদিকদের তিনি এই কথা জানান। (রেডিও এবিসি: ১৮:০০ঘ. ১৫/০৫/১৯ সাইফুর/আশরাফ)

হানিফের সমালোচনা করেছেন ছাত্রলীগের পদ বঞ্চিত নেতা-কর্মীরা

আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফের সমালোচনা করেছেন পদবঞ্চিত ও কাঙ্ক্ষিত পদ না পাওয়া ছাত্রলীগের নেতা-কর্মীরা। ছাত্রলীগের পূর্ণাঙ্গ কমিটি ঘোষণার পর সৃষ্ট পরিস্থিতিকে সাধারণ ঘটনা উল্লেখ করে হানিফ বলেছিলেন, বড় সংগঠন ছাত্রলীগে এমন হতেই পারে।
(রেডিও এবিসি: ১৮:০০ঘ. ১৫/০৫/১৯ সাইফুর/আশরাফ)

আদালতের কাছে সময় চেয়েছে গ্রীন লাইন কর্তৃপক্ষ

বাসের চাপায় পা হারানো রাসেল সরকারকে ক্ষতিপূরণের বাকি ৪৫ লাখ টাকা না দিয়ে আদালতের কাছে আবার সময় চেয়েছেন গ্রীন লাইন পরিবহন কর্তৃপক্ষ। গত মাসে ক্ষতিপূরণ বাবদ রাসেলকে ৫ লাখ টাকা দেয়া হয়। (রেডিও এবিসি: ১৮:০০ঘ. ১৫/০৫/১৯ সাইফুর/আশরাফ)

রেডিও টুডে

কোন্ কোন্ কোম্পানির দুধে ক্ষতিকারক সীসা রয়েছে তা আদালতে জমা দেয়ার নির্দেশ

কোন্ কোন্ কোম্পানির তরল দুধে সীসাসহ বিষাক্ত ও ক্ষতিকর উপাদান রয়েছে তার বিস্তারিত তালিকা এক মাসের মধ্যে জমা দিতে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। একইসাথে নমুনা পরীক্ষাকারী নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের গবেষক অধ্যাপক শাহ্ লীলা ফেরদৌসীকে আগামী ২১শে মে হাইকোর্টে হাজির হতে বলা হয়েছে। বিচারপতি নজরুল ইসলাম তালুকদার এবং বিচারপতি কে.এম. হাফিজুল আলমের সমন্বয় গঠিত হাইকোর্টের দ্বৈত বেঞ্চ আজ দুপুরে এই আদেশ দিয়েছেন। এর আগে হাইকোর্টে দাখিল করা অধ্যাপক শাহনীলার প্রতিবেদনে বাজার থেকে সংগৃহীত দুধের ৯৬টি নমুনার ৯৩টিতে ক্ষতিকর রাসায়নিক উপাদান পাওয়ার তথ্য জানানো হয়। তবে ঐ প্রতিবেদনের নির্ভরযোগ্যতা নিয়ে আজ আদালতে প্রশ্ন তোলেন বিএসটিআই'র আইনজীবী। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১৫/০৫/১৯ সাইফুর/আলি)

চিকিৎসার জন্য যুক্তরাজ্য ও জার্মানির উদ্দেশ্যে ঢাকা ছেড়েছেন রাষ্ট্রপতি

চোখের চিকিৎসা এবং স্বাস্থ্য পরীক্ষার জন্য যুক্তরাজ্য ও জার্মানির উদ্দেশ্যে রওয়ানা হয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। সকাল ৯টায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইটে রাষ্ট্রপতি লন্ডনের উদ্দেশ্যে ঢাকা ছাড়েন। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ.ক.ম. মোজাম্মেল হক, কৃষিমন্ত্রী আব্দুর রাজ্জাক, পররাষ্ট্রমন্ত্রী এ.কে. আবদুল মোমেন বিমান বন্দরে তাকে বিদায় জানান। লন্ডনের বুফেল্ড আই হসপিটালে চোখের চিকিৎসা এবং বুবা ট্রিংগোল হাসপাতালে স্বাস্থ্য পরীক্ষা করাবেন রাষ্ট্রপতি। পরে সেখান থেকে তিনি জার্মানির ফ্রাঙ্কফুটে যাবেন। এই সফর শেষে আগামী ২৬শে মে রাষ্ট্রপতি দেশে ফেরার কথা রয়েছে।
(রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১৫/০৫/১৯ সাইফুর/আলি)

চট্টগ্রামে আগুনে দগ্ধ হয়ে একজনের মৃত্যু, আহত পাঁচজন

চট্টগ্রামের সীতাকুণ্ডে একটি জাহাজ ভাঙার কারখানায় ভাঙার জন্য আনা জাহাজে আগুন ধরে দগ্ধ হয়ে একজন নিহত, আহত হয়েছেন আরো পাঁচজন। সকাল সাড়ে ৮টার দিকে সীতাকুণ্ডের সুনাইছুড়ি ইউনিয়নে প্রিমিয়াম

করপোরেশন নামের ঐ জাহাজ ভাঙার কারখানায় এ দুর্ঘটনা ঘটে। কুমিরা ফায়ার সার্ভিসের জ্যেষ্ঠ স্টেশন কর্মকর্তা আবদুল্লাহ পাশা হারুন জানিয়েছেন, জাহাজটির ইঞ্জিন কক্ষের পাশের কক্ষে অক্সি এসিলেটেশন শিখা দিয়ে লোহা কাটছিলেন শ্রমিকরা। ঐ কক্ষে পরিত্যক্ত বর্জ্য তেল পড়ে ছিল। আগুনের স্কুলিঙ্গ বর্জ্য তেলে পড়লে আগুন ধরে যায়। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১৫/০৫/১৯ সাইফুর/আলি)

ধান পোড়ানোর ঘটনা পরিকল্পিত: খাদ্যমন্ত্রী

টাঙ্গাইলে ধান পোড়ানোর ঘটনা পূর্ব পরিকল্পিত বলে দাবি করেছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। তিনি বলেছেন, মণ প্রতি ধানের দাম ২০০ টাকা হলেও কোন কৃষক তা পোড়াবেন না। মন্ত্রী জানিয়েছেন, এটি এমনই পরিকল্পিত যে, কয়েকটি গণমাধ্যমের সাংবাদিকরা ধানে আগুন দেয়ার আগেই ঘটনাস্থলে চলে গেছেন। সকালে সিরাজগঞ্জের অভ্যন্তরীণ বোরো সংগ্রহ-২০১৯ এর উদ্বোধন অনুষ্ঠানে এসব বলেছেন খাদ্যমন্ত্রী। নিজেকে একজন কৃষক দাবি করে মন্ত্রী আরো বলেছেন, এ বিষয় তিনি প্রধানমন্ত্রীর সাথে আলোচনা করেছেন। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১৫/০৫/১৯ সাইফুর/আলি)

ধানসহ সকল কৃষি পণ্যের ন্যায্য মূল্যের দাবিতে ঢাবিতে মানববন্ধন

ধানসহ সকল কৃষি পণ্যের ন্যায্য মূল্য নির্ধারণ, কৃষিখাতে পর্যাপ্ত ভর্তুকি প্রদান এবং মধ্যসত্ত্ব ভোগীদের দৌরাত্ত্ব দমনের দাবিতে দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয় রাজু ভাস্কর্যের সামনে মানববন্ধন করেছে বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদ। সংগঠনটির বিভিন্ন কলেজ বিশ্ববিদ্যালয় নেতা-কর্মীদের সাথে নিয়ে করা এই মানববন্ধনে উপস্থিত ছিলেন যুগ্ম আহবায়ক এবং ডাকসুর ভিপি নূরুল হক নূর। সরকারের কাছে অতি সত্ত্বর ধানের দাম বাড়ানোর দাবি জানিয়ে নূর বলেছেন, কৃষকদের এই ন্যায্য দাবি আদায়ে প্রয়োজনে তারা দেশব্যাপী মানববন্ধন করবে।(রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১৫/০৫/১৯ সাইফুর/আলি)

রাজশাহীতে আজ থেকে আম পাড়া শুরু হয়েছে

প্রশাসনের বেধে দেয়া সময় অনুযায়ী রাজশাহীতে আজ থেকে আম পাড়া, বাজারজাতকরণ এবং বিক্রি শুরু হয়েছে। প্রশাসনের সিদ্ধান্ত অনুযায়ী আজ থেকে গুটি আম পাড়া যাবে। এভাবে ২০শে মে থেকে গোপালভোগ, ২৫শে মে থেকে লক্ষণভোগ, ২৮শে মে থেকে খিরসাপাত, ৬ই জুন থেকে ল্যাংড়া, ১৬ই জুন থেকে ফজলি, আমরুপালী এবং সব শেষ ১লা জুলাই থেকে আশ্বিনা আম পড়ার কথা রয়েছে।
(রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১৫/০৫/১৯ সাইফুর/আলি)

মশা নিধনে কার্যকর পদক্ষেপ নিয়ে দুই সিটি করপোরেশনকে হাইকোর্টের নির্দেশ

আগামী বর্ষা মৌসুমের আগেই মশা নিধনে কার্যকর পদক্ষেপ নিতে ঢাকার দুই সিটি করপোরেশনকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। একইসঙ্গে রাজধানীতে বায়ু দূষণ নিয়ে দুই সিটির নির্বাহী প্রধানদের ব্যাখ্যায় সন্তুষ্ট না হওয়াতে বিষয়টিতে বিস্তারিত প্রতিবেদন দাখিলে ঢাকা দুই সিটি করপোরেশনকে আরো একমাস সময় দেয়া হয়েছে। হিউম্যান রাইটস অ্যান্ড পিচ ফর বাংলাদেশের দায়ের করা এই সংক্রান্ত রিটের শুনানিতে বিচারপতি এফআরএম নাজমুল আহসান এবং বিচারপতি কে.এম. কামরুল কাদেরের সমন্বয় গঠিত হাইকোর্টের দ্বৈত বেঞ্চ দুপুরে এই আদেশ দেন। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১৫/০৫/১৯ সাইফুর/আলি)

নাটোরে গৃহবধু ও তার ছেলেকে হত্যা করেছে দুর্বৃত্তরা

নাটোরের নলডাঙ্গা উপজেলায় বাড়িতে ঢুকে গৃহবধুকে খুন করার পর তার প্রতিবন্ধী সন্তানকে পাশের ডোবায় ফেলে হত্যা করেছে দুর্বৃত্তরা। গত রাতে উপজেলার বাশিলা উত্তরপাড়া গ্রামে এই ঘটনা ঘটে। নিহতরা হলেন বাশিলা উত্তরপাড়া গ্রামের প্রবাসী গার্মেন্টস কর্মী মাহমুদ ইসলাম মুন্নার স্ত্রী হালিমা আক্তার শারমীন এবং তার ছেলে আবদুল্লাহ। পুলিশ জানিয়েছে, গতরাতে মুন্নার বাড়িতে হামলা চালায় দুর্বৃত্তরা। তারা মুন্নার স্ত্রী শারমীনকে শ্বাসরোধে হত্যার পর প্রতিবন্ধী ছেলে আবদুল্লাকে বাড়ির পাশে ডোবায় ফেলে দেয়। খবর পেয়ে আজ সকালে শারমীন এবং আবদুল্লার লাশ উদ্ধার করে পুলিশ।
(রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১৫/০৫/১৯ সাইফুর/আলি)

সিঙ্গাপুরে চিকিৎসা শেষে দেশে ফিরেছেন ওবায়দুল কাদের

সিঙ্গাপুরে চিকিৎসা শেষে প্রায় আড়াই মাস পর আজ দেশে ফিরেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সন্ধ্যা ছয়টার কিছুক্ষণ আগে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান তিনি। এসময় আওয়ামী লীগের বিপুল সংখ্যক নেতা-কর্মী তাকে স্বাগত জানান। পরে বিমান বন্দরে ভিআইপি লাউঞ্জে এক সাংবাদিক সম্মেলনে ওবায়দুল কাদের সুস্থ হয়ে দেশে

ফিরতে পারায় আল্লাহ তায়ালার শুকরিয়া আদায় করেন সবাই। এ সময় গভীর কৃতজ্ঞতা জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও জনগণের প্রতি। (রেডিও টুডেঃ ১৮:৪৫ঘ. ১৫/০৫/১৯ সাইফুর/আশরাফ)

খাদ্যে ভেজাল বিরোধী অভিযান শুরু করেছে বিএসটিআই

খাদ্য ভেজাল বিরোধী অভিযান শুরু করেছে বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টি ইনস্টিটিউশন, বিএসটিআই। সকালে রাজধানী ফকিরাপুল এলাকায় বিএসটিআই এর নির্বাহী ম্যাজিস্ট্রেট আব্দুল্লাহ আল মামুনের নেতৃত্বে শুরু হয় এই অভিযান। এ সময় পচা, বাসি খাবারসহ বেশ কিছু অনিয়মের দায়ে ফকিরাপুলের এশিয়া গার্ডেনকে ৫০ হাজার এবং আল ইমাম ও গাউছিয়া রেস্টুরেন্টকে ৩০ হাজার টাকা করে জরিমানা করা হয়। (রেডিও টুডেঃ ১৮:৪৫ঘ. ১৫/০৫/১৯ সাইফুর/আশরাফ)

খালেদা জিয়াকে কেরানীগঞ্জ কারাগারে স্থানান্তরের সিদ্ধান্তে বিএনপির খুশি হওয়া উচিৎ: তথ্যমন্ত্রী

বেগম খালেদা জিয়াকে কেরানীগঞ্জের নতুন কেন্দ্রীয় কারাগারে স্থানান্তরে সরকারের সিদ্ধান্তে বিএনপির খুশি হওয়া উচিত বলে মনে করছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ। আজ সচিবালয় ঢাকা নিযুক্ত ভারতের হাইকমিশনার রিভা গাঙ্গুলী দাসের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের একথা বলেন তিনি। কেরানীগঞ্জ কারাগারে ভবন আধুনিক জানিয়ে আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক আরো বলেন, সেখানে সমস্ত সুযোগ-সুবিধা রয়েছে। (রেডিও টুডেঃ ১৮:৪৫ঘ. ১৫/০৫/১৯ সাইফুর/আশরাফ)

ঈদের আগে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে নবনির্মিত তিনটি সেতু উদ্বোধন করবেন প্রধানমন্ত্রীঃ অর্থমন্ত্রী

ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে নবনির্মিত দ্বিতীয় গোমতী, মেঘনা এবং কাঁচপুর সেতু ঈদুল ফিতরের আগেই খুলে দেয়া হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আ. হ. ম. মোস্তফা কামাল। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সেতুগুলো উদ্বোধনের আশা প্রকাশ করেছে বলে তিনি জানান। আজ সচিবালয় সাংবাদিকদের সাথে আলাপকালে অর্থমন্ত্রী আরো বলেন, এ তিনটি সেতু চালুর ফলে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের যানজট অনেকখানি কমে যাবে। (রেডিও টুডেঃ ১৮:৪৫ঘ. ১৫/০৫/১৯ সাইফুর/আশরাফ)

ছাত্রলীগের কমিটি থেকে বিতর্কিতদের বাদ দেয়ার নির্দেশ প্রধানমন্ত্রীর

আওয়ামী লীগের ভ্রাতৃপ্রতীম সংগঠন বাংলাদেশ ছাত্রলীগের সদ্য ঘোষিত কেন্দ্রীয় পূর্ণাঙ্গ কমিটি থেকে বিতর্কিতদের বাদ দেয়ার নির্দেশ দিয়েছেন ছাত্রলীগের সাংগঠনিক নেতা প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সভাপতি রেজওয়ানুল হক চৌধুরী শোভন এবং সাধারণ সম্পাদক গোলাম রব্বানীকে গণভবনে ডেকে নির্দেশনা দেন প্রধানমন্ত্রী। পরে ছাত্রলীগ সভাপতি গণমাধ্যমকে জানান, নেত্রীর নির্দেশনা অনুযায়ী এক সপ্তাহের মধ্যে তদন্ত কমিটি করে বিতর্কিতদের চিহ্নিত করে সে অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে। (রেডিও টুডেঃ ০৮৪৫ঘ. ১৬/০৫/১৯ সাইফুর/নারগীস)

ত্রিদেশীয় সিরিজে আয়ারল্যান্ডকে হারালো বাংলাদেশ

ডাবলিংয়ে ত্রিদেশীয় সিরিজের নিয়ম রক্ষার ম্যাচে স্বাগতিক আয়ারল্যান্ডের বিপক্ষে দাপটে এক জয় পেয়েছে বাংলাদেশ। টস জিতে আগে ব্যাট করে ওপেনার পল স্টারলিং ১৩০ এবং অধিনায়ক উইলিয়াম পোর্টার ফিল্ডের ৯৪ রানের উপর ভর করে নির্ধারিত ৫০ ওভারে ৮উইকেটে ২৯২ রান সংগ্রহ করে আয়ারল্যান্ড। বাংলাদেশের পক্ষে ক্যারিয়ারের দ্বিতীয় ওয়ানডেতে ৫ উইকেট শিকারের কৃতিত্ব দেখান পেসার আবু জায়েদ রাহী। জবাবে ব্যাট করতে নেমে ওপেনার তামিম ইকবালের ৫৭, লিটন দাসের ৭৬, সাকিব আল হাসানের ৪৮ এবং মুশফিকুর রহিমের ৩৫ রানের সুবাদে ৭ ওভার হাতে রেখে অনেকটা সহজ জয় তুলে নেয় টাইগাররা। ৫ উইকেট শিকারের কৃতিত্বের জন্য ম্যাচ সেরা নির্বাচিত হয়েছেন নবাগত টাইগার বোলার আবু জায়েদ। (রেডিও টুডেঃ ০৮৪৫ঘ. ১৬/০৫/১৯ সাইফুর/নারগীস)

BBC

TRUMP DECLARES EMERGENCY OVER IT THREATS

President Donald Trump has declared a national emergency to protect US computer networks from foreign adversaries.The president signed an executive order effectively barring US companies from using foreign telecoms believed to pose a security risk to the country. Mr. Trump does not name any company specifically in the order. However, analysts suggest it is mainly directed at Chinese telecommunications giant Huawei. (BBC: 0600 hrs. 16/05/19 Faruk/Nargis)

SUDAN TALKS STALL OVER PROTEST ROAD BLOCKS

Sudan's military rulers have suspended talks on moving towards civilian government until protesters clear roadblocks in the capital, Khartoum, opposition leaders say. An opposition alliance said the Transitional Military Council (TMC) was demanding barricades be removed. The setback comes hours after the TMC and the opposition agreed a three-year transition period to civilian rule. Shots were fired on Wednesday as soldiers tried to clear barricades.

(BBC: 0600 hrs. 16/05/19 Faruk/Nargis)

US SNUBS EFFORT TO TACKLE ONLINE EXTREMISM

The US has declared to join an international initiative aimed at tackling the spread of terror online. The White House said on Wednesday it supported the Christ Church call's aims, but was not in a position to join, citing the need for freedom of speech. The comments came as five of the world's biggest teach companies pledged to tackle extremist material.(BBC: 0600 hrs. 16/05/19 Faruk/Nargis)

INDIA POLL VIOLENCE SPARKS WAR OF WORDS

India is in full election mode: voting began on 11 April, the final ballot will be cast on 19 May with results out on 23 May. Every day, the BBC will be bringing you all the latest update on the twists and turns of the World's largest democracy. TMC, BJP accused each other of poll violence. The war of words between West Bengal State Chief Minister Mamata Banergee and the governing Bharatiya Janata Party (BJP) has intensified ahead of voting on Sunday.

(BBC: 0600 hrs. 16/05/19 Faruk/Nargis)

US POLLS NON-EMERGENCY STAFF FROM IRAQ

The US state department has ordered the departure of non-emergency employees from Iraq, amid rising tensions between the US and Iraqs neighbour Iran. Staff at the embassy in Baghdad and the consulate in Irbil must leave as soon as possible on commercial transport. Meanwhile, the German and Dutch armies have suspended training Iraqi soldiers. (BBC: 2200+2300 hrs. 15/05/19 Faruk/Nargis)

FACEBOOK LIVE CURBED AFTER NZ ATTACK

Face book has announced curbs on its streaming feature ahead of an online extremism summit in Paris, called after the Christ church mosque attacks. The teach giant said there would be a one-strike policy banning those who violate new face book Live rules. New Zealand Prime Minister Jacinda Ardern called the measure of good first step.

(BBC: 2200+2300 hrs. 15/05/19 Faruk/Nargis)

CHINA'S XI URGES OPENNES AMID TRADE WAR

Chinese President Xi Jinping has called for opennes between countries and denounced racial supremacy as stupid amid rising trade tensions with the US. The remarks on Wednesday were made in Mr. Xi's first

public address since the US-China trade dispute escalated, with tariff hikes on both sides. Mr. Xi did not mention the US or the trade war directly but focused on presenting China as an open country.
(BBC: 2200+2300 hrs. 15/05/19 Faruk/Nargis)

SRI LANKA CURFEW EXTENDED AFTER RIOTS

Sri Lanka has imposed a national wide curfew for the second night in a row after a wave of anti-Muslim violence in the wake of the Easter bombings. A Muslim man was stabbed to death while rioters torched Muslim-owned shops and vandalised mosques during Monday's attacks. Police have arrested more than 70 people including the leader of a far-right Buddhist group. (BBC: 2200+2300 hrs. 15/05/19 Faruk/Nargis)

SUDAN MILITARY AGREES THREE YEAR TRANSITION

Sudan's military leaders have announced an agreement with the opposition alliance for a three-year transition period to a civilian administration. The Transitional Military Council said the alliance would have two-thirds of the seats on a legislative council. However, the two sides are yet to agree on a sovereign council the top tier of power, where both want a majority.(BBC: 2200+2300 hrs. 15/05/19 Faruk/Nargis)

US DOES NOT SEEK WAR WITH IRAN: POMPEO

US Secretary of State Mike Pompeo has said the United States does not seek a war with Iran, amid rapidly growing tensions between the two countries. Speaking in Russia, Mr. Pompeo said the US was looking for Iran to behave like a normal country, but would respond if its interest were attacked. Meanwhile, Iran's Supreme Leader Ayatolla Ali Khamenei has also said there will be no war with the US.
(BBC: 2200+2300 hrs. 15/05/19 Faruk/Nargis)

DEADLY SEAPLANE COLLISION IN ALASKA KILLS SIX PEOPLE

Two seaplanes carrying tourists from the same cruise ship have collided in southeastern Alaska, killing six people. One plane was carrying 11 people when it hit the other, which had five people aboard, near Ketchikan on Tuesday. Ten of those aboard the first plane survived and were taken to hospital. (BBC: 2200+2300 hrs. 15/05/19 Faruk/Nargis)

MILITANTS KILL 17 SOLDIERS IN NIGER

Militants have killed 17 Nigerian soldiers in an ambush near the border with Mali, Niger government spokesman has told the BBC. Eleven soldiers are missing after the attack near the western village of Tongo, Militant killed four US soldiers at the same place in 2017. Niger and other countries in the Sahel have been facing a growing militant threat from several Islamist groups.
(BBC: 2200+2300 hrs.15/05/19 Faruk/Nargis)

:: The End ::